The Bangladesh Observer

24 OCT 2002

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

# বিজ্ঞপ্তি

আগামী ০৯ ডিসেম্বর ২০০২, বেগম রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে দেশব্যাপী রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এতদ্বারা আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিকট হতে সংশ্লিষ্ট বিষয়ে আগামী ০১ ডিসেম্বর ২০০২ এর মধ্যে রচনা আহবান করা যাচ্ছে।

১। অংশগ্রহণকারী প্রতিযোগিদের ৩টি গ্রুপে ভাগ করা হবে, যথা ঃ
(ক) ১ম গ্রুপ অষ্টম শ্রেণী হতে দশম শ্রেণীতে অধ্যয়নরত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য।
(খ) ২য় গ্রুপ - উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য।
(গ) ৩য় গ্রুপ-স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য।

২। রচনার বিষয় ঃ
(ক) ১ম গ্রুপ - বেগম রোকেয়ার বাল্য জীবন।
(খ) ২য় গ্রুপ - নারী শিক্ষা সম্প্রসারণে বেগম রোকেয়া।
(গ) ৩য় গ্রুপ- নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে বেগম রোকেয়ার অবদান।

৩। রচনার ভাষা ঃ- রচনাটি বাংলা ভাষায় রচিত হবে।

৪। রচনার আকার ঃ- ১ম গ্রুপের জন্য সর্বোচ্চ ৮৮০ শব্দ বিশিষ্ট।
২য় গ্রুপের জন্য সর্বোচ্চ ১০০০ শব্দ বিশিষ্ট।
৩য় গ্রুপের জন্য সর্বোচ্চ ১২০০ শব্দ বিশিষ্ট।

৫। রচনা লিখন পদ্ধতি
(ক) রচনা স্বহস্তে লিখতে হবে।
(খ) প্রতিযোগী কোন পর্যায়ে অধ্যয়নরত স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে তার প্রত্যয়ণ পত্র রচনার সঙ্গে ১ কপি ছবি সহ দাখিল করতে হবে।

৬। পুরস্কার (প্রতিটি গ্রুপের জন্য)
(ক) ১ম পুরস্কার - ৩,০০০/- (তিন হাজার) টাকা ও সনদ পত্র।
(খ) ২য় পুরস্কার - ২,০০০/- (দুই হাজার) টাকা ও সনদ পত্র।
(গ) ৩য় পুরস্কার - ১,০০০/- (এক হাজার) টাকা ও সনদ পত্র।
(ক) প্রয়োজনে পুরস্কারের অর্থ বৃদ্ধি/হ্রাস করা যেতে পারে।
(খ) পুরস্কার নির্ধারিত অর্থ বা সমমানের সামগ্রী প্রদান করা হবে।
(গ) পুরস্কার প্রদানের তারিখ ও স্থান যথাসময়ে জানানো হবে।

৭। রচনা বাছাই/পুরস্কার প্রদানের ক্ষেত্রে এতদসংক্রান্ত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৮। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে আগামী ০১ ডিসেম্বর ২০০২ইং এর মধ্যে নিম্ন ঠিকানা বরাবরে বর্ণিত নিয়ম মোতাবেক রচনাটি প্রেরণ করতে হবেঃ

প্রকল্প পরিচালক
এম্পাওয়ারমেন্ট এন্ড প্রোটেকশন অব
চিল্ড্রেন এন্ড উইমেন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর (৬ষ্ঠ তলা),
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

নির্ধারিত সময়ের পরে প্রেরিত কোন রচনা পুরস্কার প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

(মোঃ আবদুল মান্নান)
প্রকল্প পরিচালক
এম্পাওয়ারমেন্ট এন্ড প্রোটেকশন অব
চিল্ড্রেন এন্ড উইমেন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ডিএফপি-২৫৯৭৮-২৩/১০

ডি-৫২০৮